# সংবাদ

তারিখ ... 29 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...



গতকাল ঢাবিতে ক্যাম্পাস জার্নালিজম অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে অতিথিদের সঙ্গে পদকপ্রাপ্তরা -সংবাদ

## ঢাবিতে ক্যাম্পাস জার্নালিজম অ্যাওয়ার্ড প্রদান

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (ঢাবিসাস) আয়োজনে 'শাহ হেলালুর রহমান চিশ্‌তি ট্রাস্ট ফান্ড ও মনোয়ার আহমেদ স্মৃতি ট্রাস্ট ফান্ড'-এর অধীনে 'ক্যাম্পাস জার্নালিজম অ্যাওয়ার্ড-২০১৭' প্রদান করা হয়েছে। গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে এ অ্যাওয়ার্ড দেয়া হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অ্যাওয়ার্ডপ্রাপ্তদের হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন। এই দুটি ট্রাস্ট ফান্ডের আওতায় বিভিন্ন গণমাধ্যমে কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

'শাহ হেলালুর রহমান চিশ্‌তি ট্রাস্ট ফান্ড'র অধীনে অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন- মো. আবদুল করিম (দি ডেইলি অবজারভার), মো. মাহদী-আল-মুহতাসিম নিবিড় (দি ডেইলি স্টার) ও সাইফ সুজন (দৈনিক বণিক বার্তা) এবং আসিফুর রহমান (দৈনিক প্রথম আলো)। 'মনোয়ার আহমেদ স্মৃতি ট্রাস্ট ফান্ড'-এর অধীনে অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন- মাহমুদুল হাসান নয়ন (দৈনিক যুগান্তর) ও তপন কান্তি রয় (বিডিনিউজটোয়েন্টিফোরডটকম) এবং মো. মাহদী-আল-মুহতাসিম, নিবিড় (দি ডেইলি স্টার)।

এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ট্রাস্ট ফান্ডের সভাপতি অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, আমরা এখন বিশ্বপল্লীতে বসবাস করছি। একবিংশ শতাব্দী জ্ঞানে-বিজ্ঞানে, প্রযুক্তিতে বহুদূর এগিয়ে গেছে। এখন টেলিভিশন, কম্পিউটার এর মাধ্যমে আমরা সবকিছু সচিত্র প্রতিবেদন দেখি। এর পেছনে মুখ্য ভূমিকা পালন করে যোগাযোগ বা গণমাধ্যম। পৃথিবীর সবচেয়ে বড় সম্পদ মানুষের মেধা। মেধা এবং তথ্যের সমন্বয়ে সাংবাদিকরা কাজ করে থাকেন এবং সবচেয়ে বড় ভূমিকা পালন করেন। তথ্যকে সঠিকভাবে গুছিয়ে সাধারণ মানুষের কাছে পৌঁছানোর কাজ করে সাংবাদিকরা। সাংবাদিকতার মূল কাজ হলো বস্তুনিষ্ঠতা। যেকোন সংবাদ পরিবেশনে এ বস্তুনিষ্ঠতা বজায় রাখতে হবে। এ পুরস্কার ক্যাম্পাসের সাংবাদিকদের সাংবাদিকতায় আরও উৎসাহিত করবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মফিজুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন ঢাবিসাস-এর সাবেক সাধারণ সম্পাদক ও জাতীয় প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক ইলিয়াস খানসহ ঢাবিসাস-এর বর্তমান ও সাবেক সদস্যরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাবিসাস-এর সভাপতি ফরহাদ উদ্দিন এবং সঞ্চালনা করেন ঢাবিসাস-এর সাধারণ সম্পাদক ফররুখ মাহমুদ।